# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: **জিটিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের নভেম্বর ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম। |
| সভার তারিখ | : | ২৬-১২-২০২৩ |
| সভার সময় | : | ০২:৩০ ঘটিকা |
| স্থান | : | কনফারেন্স রুম, লেভেল-৫, জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

**১.০। আলোচনা:**

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং অদ্যকার সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত থাকায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর প্রারম্ভিক বক্তব্যে ২০২৩-২৪ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নভেম্বর ২০২৩ পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সভায় আহবান করেন। এছাড়া, মে ২০২৪ এর মধ্যে এপিএ এর শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

১.২। এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্পের আওতায় ২০ কি.মি গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এ বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্পের 'প্রকল্প পরিচালক' সভায় জানান যে, এপিএ লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত এডিপিতে ভূমি অধিগ্রহণ খাতে বরাদ্দকৃত জিওবি'র ২৪১.৮১ কোটি টাকা অর্থ ছাড়করণ প্রয়োজন। উক্ত অর্থ প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় সাময়িকভাবে পেট্রোবাংলা/ কোম্পানিসমূহ হতে উক্ত অর্থ জিটিসিএল-কে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে ভূমি অধিগ্রহণ কার্যক্রমসহ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপনের কাজ শুরু করা যাবে মর্মে আশা প্রকাশ করেন।

১.৩। এ পর্যায়ে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ কাজটি ২০২৩-২৪ অর্থবছরে প্রথম বারের মত এপিএ তে অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১ (সংশোধিত-২০০৩)-এর সংশ্লিষ্ট বিধি (যেমন: ৭৬, ৭৭, ৭৯, ৮০ ইত্যাদি) ও অন্যান্য বিধিমালা/আইন/নীতিমালা/পরিপত্র অনুযায়ী সিজিএস/সিটিএমএস/টিবিএস/এমএমএস/ভিএস স্থাপনার রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ সংক্রান্ত পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে এবং সংশ্লিষ্টতা অনুযায়ী ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়েছে।। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং জিটিসিএল'র এপিএ টার্গেট বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিভিশন ও ডিপার্টমেন্টসমূহকে সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। পেট্রোবাংলা কর্তৃক প্রদত্ত চেকলিস্ট অনুযায়ী রক্ষণাবেক্ষণকৃত স্টেশন পর্যবেক্ষণ ও যাচাই করা হবে বিধায় এই কার্যক্রমের অর্জনের সাথে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। সভায় এপিএ টার্গেট বাস্তবায়নের লক্ষ্যে গ্যাস স্টেশন রংকরণ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ মে ২০২৪ এর মধ্যে সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

১.৪। সভায় জিটিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা "স্থাপনা হতে দাপ্তরিক কাজে আগত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য ভবনের একটি কক্ষ রেস্ট হাউজ হিসেবে সংস্কার/ সাজ-সজ্জাকরণ" কাজটি আগামী ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে সম্পন্নের বিষয়ে জিটিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

১.৫। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জিটিসিএল'র তথ্য বাতায়ন/ ওয়েবসাইট নির্ধারিত সময়ে ও নিয়মিতভাবে হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয় এবং Validitation কমিটির অনুমোদন ব্যতিরেকে কোন তথ্য ওয়েবসাইটে আপলোড না করার বিষয়ে তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

১.৬। সভায় Citizen Charter এর একটি সংক্ষিপ্ত ও হালনাগাদ চার্ট তৈরি করে জিটিসিএল'র প্রধান কার্যালয়সহ অন্যান্য স্থাপনার দৃশ্যমান স্থানে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

**২.০। সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। গ্যাস সঞ্চালন পাইপলাইন যথাসময়ে স্থাপনের লক্ষ্যে প্রকল্প পরিচালক সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবেন;

২.২। গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ মে ২০২৪ এর মধ্যে সম্পন্ন করতে হবে;

২.৩। তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ ও Validitation কমিটির অনুমোদন সাপেক্ষে তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে;

২.৪। Citizen Charter এর একটি সংক্ষিপ্ত ও হালনাগাদ চার্ট তৈরি করে জিটিসিএল'র প্রধান কার্যালয়সহ অন্যান্য স্থাপনার দৃশ্যমান স্থানে প্রদর্শন করার ব্যবস্থা করতে হবে;

২.৫। মে ২০২৪ এর মধ্যে এপিএ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের উদ্যোগ গ্রহন করতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০২/২০২৪

**(মো. সাইফুল ইসলাম)**
মহাব্যবস্থাপক (এইচআর), জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

**বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।

২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।

৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।

৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

**অনুলিপি:**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।

২। অফিস কপি।

GAS TRANSMISSION COMPANY LIMITED

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

**২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র নভেম্বর, ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা:**

তারিখ : ২৬-১২-২০২৩

সময় : ০২:৩০ ঘটিকা

স্থান : কনফারেন্স রুম, লেভেল-৫

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | | |
| ২। | মোঃ সাঈদ মাহমুদ, মহাব্যবস্থাপক (পেট্রোবাংলা) | [signature] |
| ৩। | মো: জালাল উদ্দিন, মহাব্যবস্থাপক (সঞ্চালন-পূর্ব) | [signature] |
| ৪। | মিনহাজ কবীর কুতুব উদ্দিন, মহাব্য: (প্রশাসন) | [signature] ২৬/১২/২৩ |
| ৫। | মোহসেনা খান, মহাব্যবস্থাপক (ডিবিএফ টি), জিটিসিএল। | [signature] ২৬/১২/২০২৩ |
| ৬। | আলী হোসাইন মহা-ব্যব: (সঞ্চা: - পশ্চিম) | [signature] |
| ৭। | কাজী মেহেরুন মাহমুদ কোম্পানী সচিব | [signature] |
| ৮। | মো. সাইফুল ইসলাম, মহাব্য. (এইচআর) | [signature] |
| ৯। | Sushil Kumar Saha, GM (compressor). | [signature] 26/12/2023 |
| ১০। | মোঃ আমিনুল ইসলাম ব্য (ক্রয়) | [signature] ২৬/১২/২৩ |
| ১১। | তাপস কুমার সাহা, মহাব্য: (হিসাব) | [signature] ২৬/১২/২৩ |
| ১২। | মোঃ নজরুল ইসলাম, মহাব্যবস্থাপক (অপারেশন) | [signature] ২৬/১২/২০২৩ |
| ১৩। | নারায়ন চন্দ্র সরকার, উপ-মহাব্যবস্থাপক (অর্থ) | [signature] ২৬/১২/২৩ |
| ১৪। | এ, এস, এম, বদরুল আলম, DGM (Admin) | [signature] ২৬/১২/২৩ |
| ১৫। | মো. সাইফুল ইসলাম, M (P2P) | [signature] ২৬/১২/২৩ |
| ১৬। | মোহাম্মদ জাহাঙ্গীর আলম AM (share) | [signature] 26/12/2023 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১৭। | মো: [illegible], PD, BMH Proj. | [signature] |
| ১৮। | মুহাম্মদ এনামুল হক, DGM (Board) | [signature] ২৬/১২/২৫ |
| ১৯। | প্রকৌ: রাকিবুর রশিদ, DGM, ICT | [signature] 26/12/2025 |
| ২০। | মো: মাকসুদুর রহমান, DGM (PPM) & F.P | [signature] 26/12/25 |
| ২১। | [illegible] আক্তার GM (G.S) | [signature] ২৬/১২/২০২৫ |
| ২২। | | |
| ২৩। | | |
| ২৪। | | |
| ২৫। | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

২০২৩-২৪ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ (সিজিএস/ আরএমএস/ সিটিএমএস/ এমএমএস/ টিবিএস/ ভাল্ব স্টেশন) কার্যক্রমের চেকলিস্ট ও বাস্তবায়নকারী ডিভিশনের তালিকা:

| ক্রমিক নং | রক্ষণাবেক্ষণ সংক্রান্ত চেকলিস্ট | বাস্তবায়নকারী ডিভিশন |
|---|---|---|
| ১ | প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১ (সংশোধিত-২০০৩)-এর সংশ্লিষ্ট বিধি (যেমন: ৭৬, ৭৭, ৭৯, ৮০ ইত্যাদি) ও অন্যান্য বিধিমালা/ আইন/ নীতিমালা/ পরিপত্র অনুযায়ী ডিআরএস/ টিবিএস/ আরএমএস/ সিটিএমএস স্থাপনার রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ২ | বিভিন্ন ধরনের ভাল্ব (Outlet valve, Inlet valve, Slam shut valve, relief valve, ESD valve সহ অন্যান্য আরো ভাল্ব), ফিল্টার সেপারেটর/নক আউট ড্রাম, স্ট্রেইনার, হিটার, বিভিন্ন রেগুলেটর পরীক্ষা করে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ৩ | ডিআরএস/টিবিএস/আরএমএস/সিটিএমএস স্থাপনার রানসমূহ প্রযোজ্য ক্ষেত্রে মেরামত/প্রতিস্থাপন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন |
| ৪ | পেট্রোবাংলার ১৯.১২.২০১২ তারিখের ৪২.০১.৩০/৪০৫ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী সম্পূর্ণ স্থাপনা নির্দিষ্ট কালার কোড অনুযায়ী রং করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে Coating ও করতে হবে | ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন |
| ৫ | Fencing Area-এর মধ্যে Explosion Proof light এর স্থাপন করতে হবে এবং lighting system এর ব্যবস্থা করতে হবে | ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন |
| ৬ | Fencing Area-এর মধ্যে Thunder Arrester এর স্থাপন করতে হবে | ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন |
| ৭ | যে সকল স্থাপনায় অডোরাইজার ইউনিট থাকা প্রয়োজন সে সকল স্থাপনায় আবশ্যিকভাবে প্রয়োজনীয় অডোরাইজার ইউনিট স্থাপন ও কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে | - |
| ৮ | প্রযোজ্য ক্ষেত্রে অগ্নিদুর্ঘটনা প্রতিরোধের জন্য MSDS (Material Safety Data Sheet)-এর তথ্য স্থাপনার নির্দিষ্ট জায়গায় সংরক্ষণ ও দৃশ্যমান স্থানে প্রদর্শন করা | কোয়ালিটি এন্ড সেফটি এস্যুরেন্স ডিভিশন |
| ৯ | পেট্রোবাংলার স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৩৮.২৭.০০২.২২/৪৪, তারিখ: ২৯.০৯.২০২২ খ্রি এর অনুচ্ছেদ (খ)-এর নির্দেশনা মোতাবেক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১ (সংশোধিত ২০০৩) অনুযায়ী দৃশ্যমান স্থানে হালনাগাদ পাইপলাইনের নেটওয়ার্ক অথবা নকশা প্রদর্শন করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ১০ | স্থাপনার গ্যাস লিকেজ প্রতিরোধে প্রতিটি স্থাপনার inlet পাইপলাইন হতে outlet পাইপলাইনের আগ পর্যন্ত গ্যাস লিকেজ রোধকল্পে অটোমেটিক গ্যাস লিকেজ ডিটেকশন সিস্টেম থাকা দরকার। একইসঙ্গে প্রতিটি স্থাপনাতে আবশ্যিকভাবে পোর্টেবল গ্যাস ডিটেক্টরের মাধ্যমে গ্যাস উদগীরণ পরীক্ষা করা তা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | কোয়ালিটি এন্ড সেফটি এস্যুরেন্স ডিভিশন |
| ১১ | স্থাপনা সমূহে ফায়ার এক্সটিংগুইসার-এর পাশাপাশি পানি, বালু, ফোম, ফায়ার হাইড্রেন্ট সহ অন্যান্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করে মজুদ করে রাখতে হবে যাতে কোন অগ্নি দুর্ঘটনা ঘটলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা যায়। এছাড়া, মন্ত্রিপরিষদ সচিব-এর আধাসরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-১৩১, তারিখ:১১.১২.২০২২ খ্রি এর ২৩ নম্বর নির্দেশনা মোতাবেক অগ্নিকান্ড প্রতিরোধে আধুনিক অগ্নিনির্বাপণ যন্ত্র সংগ্রহপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে | কোয়ালিটি এন্ড সেফটি এস্যুরেন্স ডিভিশন |
| ১২ | জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য কোম্পানির ফোন নম্বর এবং ফায়ার সার্ভিস স্টেশনের ফোন নম্বরসহ অন্যান্য জরুরি যোগাযোগের নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ১৩ | যে সমস্ত ডিআরএস, টিবিএস এবং সিটিএমএসের ডি আরএস/বিতরণ পাইপের উপরে বড় বড় গাছের ডাল রয়েছে সেগুলো কেতে/ছেঁটে পরিষ্কার করতে হবে যাতে ডাল ভেঙ্গে কোন দুর্ঘটনা ঘটতে না পারে। বাউন্ডারী দেয়ালের ঘেষা গাছগুলো কেটে ফেলতে হবে যাতে কোন নাশকতা সংঘটিত না হয় | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ১৪ | স্থাপনার ভিতরে ও গেইটেসহ দৃশ্যমান স্থানে নিরাপত্তা/সতর্কবার্তা সম্বলিত সাইনবোর্ড প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে | ট্রান্সমিশন (ইস্ট) ডিভিশন, ট্রান্সমিশন (ওয়েস্ট) ডিভিশন |
| ১৫ | প্রযোজ্য ক্ষেত্রে স্থাপনায় সংযোগ সড়কের ব্যবস্থা গ্রহণ করতে হবে | ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন |
| ১৬ | ডিআরএস, টিবিএস এবং সিটিএমএস স্থাপনায় সিপি স্টেশন থাকলে প্রযোজ্য ক্ষেত্রে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে | ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন |

২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ কার্যক্রমের আওতাধীন রক্ষণাবেক্ষণতব্য স্টেশনসমূহের তালিকা:

| Sl. No. | Name of Station |
|---|---|
| 1 | Nalka Pig Trap Station |
| 2 | Chandaikona Valve Station, Sirajganj |
| 3 | Sherpur Valve Station, Bogura |
| 4 | Bogura TBS |
| 5 | Hizli Valve Station, Natore |
| 6 | Tomaltola DRS, Natore |
| 7 | Puthia DRS |
| 8 | Belpukuria Valve Station |
| 9 | Rajshahi CGS |
| 10 | South Para (South Potenga) Valve Station |
| 11 | North Solimpur Regulating Station, Chattogram |
| 12 | North Nalbila Valve Station |
| 13 | Monohordi Gas Manifold Station (MGMS) |
| 14 | Hatikumrul Manifold Station |
| 15 | Maheshkhali CTMS |
| 16 | CGS Aminbazar, Dhaka |
| 17 | Jamuna Bridge West (Soydabad) Pig Trap Station |

০৫-১০-২৬